

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৪.১৭-১০১

তারিখঃ ২৩/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ “অধঃস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” প্রকল্পের আওতায় যানবাহন ভাড়া গ্রহণে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ আম/আবি/অধঃস্তন আদালত সক্ষমতা/যানবাহন/১২/২০১৭-৬২; তারিখঃ ১৯/০৬/২০১৮ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট বিষয়ে পিপিআর, ২০০৮ এর বিধি-৯৮(২৫) এ নিম্নরূপ নির্দেশনা রয়েছেঃ

“দরপত্র মূল্যায়নের পর যদি পরিলক্ষিত হয় যে, সর্বনিম্ন মূল্যায়িত দরপত্রের উদ্ধৃত মূল্য দাপ্তরিক প্রাক্কলিত মূল্য বা নির্ধারিত বাজেট বা উভয়ক্ষেত্র হইতে বেশি হয়, কিন্তু উহা বিদ্যমান বাজার মূল্যের গ্রহণযোগ্য মাত্রার সহিত সামঞ্জস্যপূর্ণ হয়, তাহা হইলে প্রয়োজনীয় বাজেট প্রাপ্তিসাধ্য করা সাপেক্ষে, দরপত্র মূল্যায়ন কমিটি উক্ত দরপত্র গ্রহণ, বা ক্রয়কারী কর্তৃক সংশ্লিষ্ট ক্রয়ের ব্যক্তি হ্রাসের নির্দেশ প্রদানের বা চুক্তিমূল্য হ্রাসে সহায়ক হইবে এইরূপ ঝুঁকি ও দায়িত্বের পুনঃবন্টন সুপারিশ করিয়া অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মূল্যায়ন প্রতিবেদন পেশ করিতে পারিবে”।


০২। উপর্যুক্ত বিধানের আওতায় ৩টি বিকল্প রয়েছে, যথাঃ

- উদ্ধৃত মূল্য বিদ্যমান বাজার মূল্যের গ্রহণযোগ্য মাত্রার সংগে সামঞ্জস্যপূর্ণ হলে দর গ্রহণ করা; বা
- সংশ্লিষ্ট ক্রয়ের ব্যক্তি হ্রাস; বা,
- চুক্তিমূল্য হ্রাসে সহায়ক হবে এরূপ ক্রয় বা ঝুঁকি ও দায়িত্বের পুনঃবন্টন।

০৩। দরপত্র মূল্যায়ন কমিটি উপর্যুক্ত (ক) বিকল্পটি বিবেচনার ক্ষেত্রে সর্বনিম্ন মূল্যায়িত দর গ্রহণের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাপ্তিসাধ্য করা সাপেক্ষে সুপারিশপূর্বক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পেশ করতে পারে।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ-উপ- প্রকল্প পরিচালক-৩, অধঃস্তন আদালত ব্যবস্থাপনা
শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প)


(মোসাম্মা হোসুমা হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- প্রকল্প পরিচালক, অধঃস্তন আদালত ব্যবস্থাপনা শক্তিশালীকরণে আইন ও বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক বিনিয়োগ প্রকল্প ও যুগ্ম-সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- অফিস কপি।